# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ৮. অবাধ্য সন্তানকে পাথর মেরে হত্যার নির্দেশ

নরবলির মতই আরেকটা বাইবেলীয় ঐশ্বরিক চিরন্তন নির্দেশ অবাধ্য পুত্রকে হত্যা করা: "যদি কারো পুত্র অবাধ্য ও বিরোধী হয়, পিতা-মাতার কথা না শোনে এবং শাসন করলেও তাদেরকে অমান্য করে; তবে তার পিতা-মাতা তাকে ধরে নগরের প্রধান ব্যক্তিবর্গের কাছে ও তার নিবাস-স্থানের নগর-দ্বারে নিয়ে যাবে; আর তারা নগরের প্রধান ব্যক্তিবর্গকে বলবে, আমাদের এই পুত্র অবাধ্য ও বিরোধী, আমাদের কথা মানে না, সে অপব্যায়ী ও মদ্যপায়ী। তাতে সেই নগরের সমস্ত পুরুষ তাকে পাথর ছুঁড়ে হত্যা করবে।" (দ্বিতীয় বিবরণ ২১/১৮-২১, মো.-১৩)

অবাধ্য পুত্রকে পাথর মেরে হত্যার নির্দেশ প্রসঙ্গে গ্যারি ডাভিন্সি লেখেছেন: "God commanded: If a father has a stubborn, rebellious son, murder the boy. ... What could you expect from a 'father' who planned, arranged and carried out the torture and crucifixion of His "Only Begotten Son"? ...How many men would reach adulthood if this command was obeyed?"

"ঈশ্বর নির্দেশ দিলেন: কোনো পিতার যদি অবাধ্য ও বিরোধী পুত্র থাকে তবে সে পুত্রকে হত্যা করতে হবে। যে পিতা পরিকল্পিতভাবে নিজের 'একমাত্র জন্মদেওয়া পুত্রকে' নির্যাতন ও ক্রুশে হত্যার আয়োজন ও সম্পাদন করলেন সে পিতা থেকে এ ছাড়া আর কিইবা আপনি আশা করতে পারেন?!... ঈশ্বরের এ নির্দেশটা পালন করা হলে কত জন মানুষ বেঁচে থেকে বয়স্ক হতে পারবে?"[1]

## ফুটনোট

[1] http://www.thegodmurders.com/id91.html; http://www.thegodmurders.com/id58.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14436

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন